# যুগান্তর

প্রিন্ট: ০৭ জুলাই ২০২৬, ০২:৪৭ পিএম

শিক্ষাঙ্গন

# প্রতিটি ক্লাশরুমে সিসিটিভি ক্যামেরা স্থাপন করতে হবে: শিক্ষামন্ত্রী

যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৬ জুলাই ২০২৬, ০৮:০৩ পিএম



শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। ফাইল ছবি




**পরবর্তী খেলাসমূহ**

| | | |
|---|---|---|
| মঙ্গলবার ৭ জুলাই ২০২৬ | | [শেষ ১৬] রাত ১০টা |
| আর্জে… | – | মিশর |
| মার্সিডিজ-বেঞ্জ স্টেডিয়াম, আটলান্টা, যুক্তরাষ্ট্র | | |
| বুধবার ৮ জুলাই ২০২৬ | | [শেষ ১৬] রাত ২টা |
| সুইজার… | – | কলম্বিয়া |
| বিসি প্লেস, ভ্যাঙ্কুভার, কানাডা | | |

শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, দেশের শিক্ষার মানোন্নয়নে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক) মনিটরিংয়ের আওতায় আনতে হবে। সঠিকভাবে যেন মনিটরিং করা যায় সেজন্য প্রতিটি ক্লাশরুমে সিসিটিভি ক্যামেরা স্থাপন করতে হবে।

সোমবার (৬ জুলাই) জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমিতে (নায়েম) '২১০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, একটি মনিটরিং সেল স্থাপন করতে হবে যেন সেখানে বসে যেকোনো সময় যেকোনো ক্লাসরুম পর্যবেক্ষণ করা যায়। দেশের অনেক শিক্ষা প্রতিষ্ঠানের টয়লেটগুলো অস্বাস্থ্যকর ও অপরিচ্ছন্ন। ফলে সেগুলো ব্যবহারে অনেক শিক্ষক-শিক্ষার্থী আগ্রহী হয় না। তাই, দেশের শতভাগ শিক্ষা প্রতিষ্ঠানের টয়লেট পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত রাখতে হবে। এক্ষেত্রে কোনো অবহেলা করা যাবে না।

এহছানুল হক মিলন আরও বলেন, শিক্ষার মানোন্নয়ন করতে হলে শিক্ষকদের মর্যাদা বৃদ্ধি করতে হবে। তাই আমাদের শিক্ষা কাঠামোকে এমনভাবে পরিবর্তন করতে হবে যেন সবাই শিক্ষকতা পেশায় আসতে আগ্রহী হোন।

নায়েমের মহাপরিচালক অধ্যাপক ড. ওয়াসীম মো. মেজবাহুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব মো. শাহজাহান মিয়া এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ড. খান মঈনুদ্দিন আল মাহমুদ সোহেল বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

